**2020**

# BENGALI (Honours)

## Paper Code : II - A & B

## [New Syllabus]

### Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

  **Example :** Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

  Subject Code : | III | A | & | B |

  Subject Name : [ ]

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

  **Example** — If alternative A of 1 is correct, then write :
  **1. — A**

- There is no negative marking for wrong answer.

## মাল্টিপল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

**উদাহরণ —** যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

Subject Code : | III | A | & | B |

Subject Name : ____________________

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A) / (B) / (C) / (D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

**উদাহরণ —** যদি **1** নম্বর প্রশ্নের সঠিক উত্তর **A** হয় তবে লিখতে হবে :

**1. — A**

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।

## Paper Code : II - A

Full Marks : 20 | Time : Thirty Minutes

Choose the correct answer.

Each question carries 1 mark.

১। ‘‘সই কেবা শুনাইল শ্যাম নাম’’ — পদটির রচয়িতা —

(A) জ্ঞানদাস

(B) চণ্ডীদাস

(C) বলরাম দাস

(D) গোবিন্দদাস

২। ‘‘মাধব, বহুত মিনতি করি তোয়’’ — পদটি কোন্ পর্যায়ের?

(A) মাথুর

(B) ভাবোল্লাস

(C) প্রার্থনা

(D) অভিসার

৩। ‘‘মত্ত দাদুরী ডাকে ডাহুকী
ফাটি যাওত ছাতিয়া’’ — এখানে ‘দাদুরী’ শব্দের অর্থ —

(A) সাপ

(B) ময়ূর

(C) কবুতর

(D) ব্যাঙ

৪। মাইকেল মধুসূদন দত্ত রচিত মহাকাব্যটির নাম —

(A) মেঘনাদবধ কাব্য

(B) ব্রজাঙ্গনা কাব্য

(C) তিলোত্তমাসম্ভব কাব্য

(D) বীরাঙ্গনা কাব্য

৫। অক্ষয়কুমার বড়ালের ‘এষা’ কাব্যটি —

(A) মহাকাব্যের নিদর্শন

(B) গীতিকাব্যের নিদর্শন

(C) গাথাকাব্যের নিদর্শন

(D) চম্পূকবিতার নিদর্শন

৬। ‘‘গিরি এবার আমার উমা এলে আর উমা পাঠাব না’’ — পদটির রচয়িতা —

(A) কমলাকান্ত ভট্টাচার্য

(B) দাশরথি রায়

(C) গিরিশচন্দ্র ঘোষ

(D) রামপ্রসাদ সেন

৭। ‘‘ওরে নবমী নিশি না হইও রে অবসান’’ — পদটি —

(A) ‘বাল্যলীলা’ পর্যায়ের

(B) ‘বিজয়া’ পর্যায়ের

(C) ‘আগমনী’ পর্যায়ের

(D) ‘ভক্তের আকূতি’ পর্যায়ের

৮। ‘‘গীতের যে উদ্দেশ্য, যে কাব্যের সেই উদ্দেশ্য, তাহাই গীতিকাব্য’’ — উক্তিটির বক্তা —

(A) অক্ষয়কুমার দত্ত

(B) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(C) রাজেন্দ্রলাল মিত্র

(D) ভূদেব মুখোপাধ্যায়

৯। 'গোপীচন্দ্রের গান' কাব্যের খণ্ড সংখ্যা —

(A) চারটি

(B) ছয়টি

(C) পাঁচটি

(D) তিনটি

১০। 'গোপীচন্দ্রের গান' কাব্যে গোপীচন্দ্রের বিবাহ হয়েছিল —

(A) ১৮ বছর বয়সে

(B) ২১ বছর বয়সে

(C) ৮ বছর বয়সে

(D) ৭ বছর বয়সে

১১। 'গোপীচন্দ্রের গান' কাব্যে হাড়িপা গোপীচন্দ্রকে হীরানটীর কাছে বাঁধা রেখেছিলেন —

(A) বারো কড়া কড়ির বিনিময়ে

(B) তেরো কড়া কড়ির বিনিময়ে

(C) এগারো কড়া কড়ির বিনিময়ে

(D) দশ কড়া কড়ির বিনিময়ে

১২। 'নূতন ছন্দ পরিক্রমা' গ্রন্থটির রচয়িতা —

(A) নীলরতন সেন

(B) প্রবোধচন্দ্র সেন

(C) অমূল্যধন মুখোপাধ্যায়

(D) মোহিতলাল মজুমদার

১৩। ‘অমিত্রাক্ষর ছন্দ’-এর প্রবর্তক —

(A) গিরিশচন্দ্র ঘোষ

(B) রবীন্দ্রনাথ ঠাকুর

(C) মোহিতলাল মজুমদার

(D) মাইকেল মধুসূদন দত্ত

১৪। ‘দলবৃত্ত’ ছন্দের অন্য নাম —

(A) স্বরবৃত্ত ছন্দ

(B) মাত্রাবৃত্ত ছন্দ

(C) অক্ষরবৃত্ত ছন্দ

(D) কোনোটিই নয়

১৫। ‘ছন্দ সরস্বতী’ গ্রন্থখানির রচয়িতা —

(A) মোহিতলাল মজুমদার

(B) প্রবোধচন্দ্র সেন

(C) সত্যেন্দ্রনাথ দত্ত

(D) কাজী নজরুল ইসলাম

১৬। যে ছন্দে শোষণ শক্তি আছে —

(A) শ্বাসাঘাতপ্রধান ছন্দ

(B) তানপ্রধান ছন্দ

(C) ধ্বনিপ্রধান ছন্দ

(D) মালিনী ছন্দ

১৭। ‘‘কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে

হে প্রচেতঃ’’ — উদ্ধৃতাংশটি যে অলংকারের দৃষ্টান্ত —

(A) ব্যাজস্তুতি

(B) অতিশয়োক্তি

(C) বিরোধাভাস

(D) সমাসোক্তি

১৮। ‘যমক’ অলংকার বিভক্ত —

(A) তিনটি শ্রেণীতে

(B) চারটি শ্রেণীতে

(C) দুটি শ্রেণীতে

(D) পাঁচটি শ্রেণীতে

১৯। ‘‘তটিনী চলেছে অভিসারে’’ — এটি —

(A) রূপক অলংকারের উদাহরণ

(B) দৃষ্টান্ত অলংকারের উদাহরণ

(C) সমাসোক্তি অলংকারের উদাহরণ

(D) অতিশয়োক্তি অলংকারের উদাহরণ

২০। ‘‘গাগরি বারি ঢারি করি পীছল’’ — ‘গাগরি’ শব্দের অর্থ —

(A) হাড়ি

(B) বালতি

(C) ঘটি

(D) কলসী

2020

# BENGALI (Honours)

## Paper Code : II - B

## [New Syllabus]

Full Marks : 80 Time : Three Hours Thirty Minutes

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। গাথাকাব্যের সংজ্ঞা দাও। গাথাকাব্য ও আখ্যানকাব্যের একটি তুলনামূলক আলোচনা করো। ২+৮=১০

**অথবা**

সংক্ষিপ্ত আলোচনা করো (যে কোনো **দুটি**) : ৫×২=১০

নীতিকবিতা, জীবনীকাব্য, মহাকাব্য, গীতিকবিতা।

২। অভিসার বলতে কি বোঝ? অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ কবির কবিপ্রতিভার পরিচয় দাও। ৩+১২=১৫

**অথবা**

বৈষ্ণব পদাবলীতে পঞ্চরসের নাম উল্লেখ করে মধুর রসের শ্রেষ্ঠত্বের কারণ নির্দেশ করো। ২+১৩=১৫

৩। “ ‘আগমনী’ ও ‘বিজয়া’ পদগুলিকে রবীন্দ্রনাথ ‘বাঙালীর মাতৃহৃদয়ের গান’ বলেছেন” — আলোচনা করো। ১৫

**অথবা**

শাক্ত পদকর্তা হিসেবে রামপ্রসাদ সেনের কবিকৃতির পরিচয় দাও। ১৫

৪। ‘গোপীচন্দ্রের গান’ কাব্যে মনয়ামতী চরিত্রটি আলোচনা করো। ১৫

**অথবা**

‘গোপীচন্দ্রের গান’ কাব্যে তৎকালীন সমাজের যে চিত্র প্রতিফলিত হয়েছে তার পরিচয় দাও। ১৫

৫। শ্বাসাঘাতপ্রধান ছন্দ বলতে কি বোঝ? উদাহরণসহ শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্য নিরূপণ করো। ২+৬=৮

**অথবা**

সংজ্ঞা লেখো (যে কোনো **দুটি**) : ৪×২=৮

পর্ব, তানপ্রধান ছন্দ, শ্বাসাঘাত, লয়।

৬। ছন্দোলিপি প্রস্তুত করো (যে কোনো **দুটি**) : ৪×২=৮

(ক) আমি ছেড়েই দিতে রাজী আছি সুসভ্যতার আলোক,
আমি চাই না হতে নববঙ্গের নবযুগের চালক।

(খ) প্রণমিয়া পাটনী কহিলা জোড়হাতে।
আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।।
তথাস্তু বলিয়া দেবী দিলা বর দান।
দুধে ভাতে থাকিবেক তোমার সন্তান।।

(গ) হাইড্রোজেন দুই আর অক্সিজেন এক।
তিন কণা মিলে জল এসে সবে দেখ্।।

(ঘ) পঞ্চশরে দগ্ধ করে করেছ এ কি সন্ন্যাসী
বিশ্বময় চলেছে তার ভোজ!
মরমিয়া সুগন্ধ তার বাতাসে উঠে নিশ্বাসী
সুরেশ শুধু খায় দেখি গ্লুকোজ।

৭। দৃষ্টান্তসহ সংজ্ঞা নির্দেশ করো (যে কোনো **দুটি**) : ৩×২=৬

যমক, সমাসোক্তি, ব্যতিরেক, ব্যাজস্তুতি।

৮। অলংকার নির্ণয় করো (যে কোনো **একটি**) : ৩×১=৩

(ক) আনিয়াছে তোর স্বামী বান্ধি নিজ গুণে।

(খ) রাজ্য তব স্বপ্নসম গেছে টুটি।

(গ) আগে পিছে পাঁচটি মেয়ে পাঁচ রঙের ফুল।